

## আল-কামার | Al-Qamar | الْقَمَر

আয়াতঃ ৫৪ : ৯

আরবি মূল আয়াত:

كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوحٍ فَكَذَّبُوا عَبْدَنَا وَكَالُوا مَجْنُونًا وَازْدَجَرَ ﴿٩﴾

অনুবাদসমূহ:

তাদের পূর্বে নূহের কওমও অস্বীকার করেছিল। তারা আমার বান্দাকে অস্বীকার করেছিল এবং বলেছিল, ‘পাগল’। আর তাকে হুমকি দেয়া হয়েছিল। — আল-বায়ান

তাদের আগে নূহের জাতিও সত্য প্রত্যাখ্যান করেছিল। তারা আমার বান্দাহকে অস্বীকার করেছিল আর বলেছিল- “একটা পাগল”; আর তাকে ভয় দেখানো হয়েছিল। — তাইসিরুল

এদের পূর্বে নূহের সম্প্রদায়ও মিথ্যা আরোপ করেছিল আমার বান্দার প্রতি এবং বলেছিলঃ এতো এক পাগল। আর তাকে ভীতি প্রদর্শন করা হয়েছিল। — মুজিবুর রহমান

The people of Noah denied before them, and they denied Our servant and said, "A madman," and he was repelled. — Sahih International

৯. এদের আগে নূহের সম্প্রদায়ও মিথ্যারোপ করেছিল— সুতরাং তারা আমাদের বান্দার প্রতি মিথ্যারোপ করেছিল আর বলেছিল, ‘পাগল’, আর তাকে ভীতি প্রদর্শন করা হয়েছিল।(১)

(১) وَازْدَجَرَ শব্দটির অর্থ, হুমকি প্রদর্শন করা হল। উদ্দেশ্য এই যে, তারা নূহ আলাইহিস সালাম-কে পাগলও বলল এবং তাকে হুমকি প্রদর্শন করে রেসালতের কর্তব্য পালন থেকে বিরতও রাখতে চাইল। [ফাতহুল কাদীর] অন্য এক আয়াতে আছে যে, তারা নূহ আলাইহিস সালাম-কে হুমকি প্রদর্শন করে বললঃ যদি আপনি প্রচার ও দাওয়াতের কাজ থেকে বিরত না হন, তবে আমরা আপনাকে প্রস্তর বর্ষণ করে মেরে ফেলব। [সূরা আস-শু'আরা: ১১৬]

তাফসীরে জাকারিয়া

(৯) এদের পূর্বে নূহের সম্প্রদায়ও মিথ্যা মনে করেছিল; তারা মিথ্যাবাদী মনে করেছিল আমার দাসকে এবং বলেছিল, ‘এ তো এক পাগল।’ আর তাকে হুমকিও দেওয়া হয়েছিল। [1]

[1] وَازْدَجَرَ এর প্রকৃতিরূপ হল وَازْتَجَرَ অর্থাৎ, নূহ (আঃ)-এর জাতি নূহ (আঃ)-কে শুধু মিথ্যাবাদীই ভাবেনি, বরং তারা তাঁকে ভয় দেখিয়েছিল, ধমক দিয়েছিল এবং হুমকিও দেখিয়েছিল। যেমন অন্যত্র বলেন, لَئِنْ لَّمْ تَنْتَهِ يَا نُوحُ {لَئِنْ لَّمْ تَنْتَهِ يَا نُوحُ} যেমন অন্যত্র বলেন, لَئِنْ لَّمْ تَنْتَهِ يَا نُوحُ {لَئِنْ لَّمْ تَنْتَهِ يَا نُوحُ} হে নূহ! তুমি যদি বিরত না হও, তাহলে তোমাকে প্রস্তরাঘাতে হত্যা করা হবে। (সূরা

শুআরা ১১৬ আয়াত)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4855>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন